



এমবাল্পের জোড়া গোলে সুইডেনকে হারাল ফ্রান্স



ছবি: সংগৃহীত

২০২৬ ফিফা বিশ্বকাপের রাউন্ড অব ৩২-এ দাপুটে ফুটবল উপহার দিয়ে সুইডেনকে ৩-০ গোলে হারিয়েছে ফ্রান্স। এই জয়ে শেষ ষোলো নিশ্চিত করেছে দিদিয়ের দেশমের দল।

প্রথমার্ধের শেষ দিকে কিলিয়ান এমবাল্পের গোলে এগিয়ে যায় ফ্রান্স। বিরতির পর ৫৩তম মিনিটে মাইকেল ওলিসের পাস থেকে ব্যবধান দ্বিগুণ করেন ব্র্যাডলি বারকোলা। এরপর নিজের দ্বিতীয় গোল করে ৩-০ ব্যবধানের জয় নিশ্চিত করেন ফরাসি অধিনায়ক এমবাল্পে।

জোড়া গোলের সুবাদে চলতি বিশ্বকাপে এমবাল্পের গোলসংখ্যা দাঁড়িয়েছে ছয়, যা তাকে সর্বোচ্চ গোলদাতার তালিকায় যৌথভাবে শীর্ষে তুলেছে। একই সঙ্গে বিশ্বকাপে তার মোট গোলসংখ্যা বেড়ে হয়েছে ১৮।

অন্যদিকে, বারকোলার গোলে অ্যাসিস্ট করে এক আসরে নিজের পঞ্চম অ্যাসিস্ট পূর্ণ করেন মাইকেল ওলিসে। এর মাধ্যমে তিনি বিশ্বকাপের এক আসরে সর্বোচ্চ অ্যাসিস্টের রেকর্ডে নাম লেখান। ম্যাচের শেষ দিকে হ্যাটট্রিকের সুযোগ থাকলেও বদলি হয়ে মাঠ ছাড়েন এমবাল্পে।